

স্মারক নং- ৩১.৪৩.৮১২৫.০০৫.০২.০০২.২৬- ৭৬

তারিখ: ০১ মাঘ ১৪৩২
১৫ জানুয়ারি, ২০২৬

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের আওতাধীন চারঘাট উপজেলার সরদহ ইউনিয়ন ভূমি অফিসের অন্তর্গত আরাজিসাদিপূর মৌজার থানাপাড়া গ্রামে ০৩ (তিন) টি মেহগনী গাছ ও নন্দনগাছী ইউনিয়ন ভূমি অফিসের অন্তর্গত বামনদিঘী মৌজার শলুয়া ইউনিয়ন পরিষদে রক্ষিত ০২ (দুই) টি মেহগনী গাছের নিলাম ডাক আগামী ১৯/০১/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় সহকারী কমিশনার (ভূমি), চারঘাট, রাজশাহী এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

নিলাম ডাকের শর্তাবলী:

- ক) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ৫০০ টাকা নাজির কাম-ক্যাশিয়ারের নিকট অগ্রিম জামানত হিসেবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে (ফেরতযোগ্য)।
- খ) নিলাম ডাক গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে ডাকের সমুদয় টাকা এবং তৎসহ ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ জমা দিতে হবে।
- গ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ/ কার্যাদেশ না পাওয়া পর্যন্ত গাছসমূহ স্থানান্তর করা যাবে না।
- ঘ) নিলাম ডাকের সমুদয় গাছ নিজ খরচে অপসারণ করতে হবে।
- ঙ) নিলাম ডাকের গাছসমূহ নির্দিষ্ট স্থান হতে অপসারণের আগ পর্যন্ত বিক্রি বা কারো নিকট হস্তান্তর করা যাবে না।
- চ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় যেকোনো নিলাম ডাক বাতিল বা আংশিক পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ছ) নিলাম ডাকে একটি প্রাক্কলিত মূল্য নির্ধারিত থাকবে যা বেজ প্রাইস বা সর্বনিম্ন মূল্য হিসেবে বিবেচিত হবে। (বনবিভাগ কর্তৃক নির্ধারিত)।
- জ) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নাজির কাম ক্যাশিয়ার জনাব লুৎফর আলম সোহান, একজন উপযুক্ত জনপ্রতিনিধি ও ২ জন গণ্যমান্য ব্যক্তি নিলাম অনুষ্ঠানটি পরিচালনা করবেন।

২। আগ্রহী ব্যক্তিগণকে ধার্য তারিখ ও সময়ে অনুষ্ঠিতব্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ রাহেতুল করিম মিজান
সহকারী কমিশনার (ভূমি)
চারঘাট রাজশাহী
মোবাইল- ০১৭৬৫১৫২০২৫
aclandcharghat@gmail.com

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):

- ১। জেলা প্রশাসক, রাজশাহী ;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী;
- ৪। উপজেলা প্রকৌশলী, চারঘাট, রাজশাহী;
- ৫। অফিসার ইনচার্জ, চারঘাট মডেল থানা, রাজশাহী;
- ৬। অফিস কপি।